ভোরের কাগজ

DEC. 2 0 2000

তারিখ ......

পৃষ্ঠা ৩ কলাম ১......

# ছাত্রদের উচ্ছৃঙ্খল আচরণের বিরুদ্ধে সিদ্ধান্ত নিয়ে স্কুল কর্তৃপক্ষ বিপাকে

**কাগজ প্রতিবেদক :** এসএসসির নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া ছাত্রদের উচ্ছৃঙ্খল আচরণের বিরুদ্ধে মামলা করার সিদ্ধান্ত নেওয়ায় স্কুল কর্তৃপক্ষ আতঙ্কে রয়েছেন। প্রভাবশালীদের চাপে পুলিশও মামলা গ্রহণ করছে না।

ঘটনা ঘটে গত ১০ ডিসেম্বর জামালপুর জেলার মাদারগঞ্জ থানার পাতাদহ কয়ড়া বহুমুখী উচ্চবিদ্যালয়ে। ঐদিন ইফতারির সময় এসএসসির নির্বাচনী পরীক্ষায় বহিষ্কৃত ও অকৃতকার্য আটজন ছাত্র বহিরাগত কিছুসংখ্যক অছাত্রকে সঙ্গে নিয়ে এসে স্কুলের অফিসকক্ষের তালা ভেঙে অফিসের মূল্যবান ফাইলপত্র নিয়ে যায় এবং নষ্ট করে। এছাড়াও তারা চেয়ার-বেঞ্চ, চারটি টিউবওয়েল, বিদ্যুতের মিটারসহ স্কুলের ব্যাপক ক্ষতিসাধন করে।

পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করলেও স্কুল কর্তৃপক্ষের পেশকৃত সাধারণ ডায়েরি (জিডি) গ্রহণ করেনি। জানা গেছে, ছাত্ররা মামলা না করার জন্য কলেজ কর্তৃপক্ষকে ভয়ভীতি দেখাচ্ছে।